আজকের কাগজ

তারিখ 03 DEC 1992
পৃঃ ৭ কলাম ৫

29

# রাজশাহী কলেজে শিবিরের ব্যাপক ভাঙচুর ও বোমাবাজি ।। ২ ছাত্রীসহ ১০ জন আহত

**রাজশাহী থেকে প্রতিনিধি :** ইসলামী ছাত্রশিবির গতকাল ব্যাপক বোমাবাজি করে রাজশাহী কলেজের ভাইস প্রিন্সিপালের কক্ষে হামলা ব্যাপক ভাংচুর এবং ভাইস প্রিন্সিপালসহ উপস্থিত শিক্ষকদের লাঞ্ছিত করে। এ সময়ে প্রাণ ভয়ে ছাত্র-ছাত্রীরা দিকবিদিক ছোটাছুটি করতে গিয়ে ২ জন ছাত্রীসহ ১০ জন আহত হয়। প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল বেলা দু'টায় শিবির নেয়া ওয়াহেদ-এর নেতৃত্বে প্রায় ৫০ জন শিবির কর্মী ঘন্টাব্যাপী এ তান্ডব চালায়। তারা অবৈধভাবে ছাত্র ভর্তির জন্যে ভাইস প্রিন্সিপালকে চাপ করতে গেলে এ ঘটনার সূত্রপাত হয়। তাদের প্রস্তাবে রাজি না হলে তারা ভাইস প্রিন্সিপালসহ উপস্থিত শিক্ষকদের অশ্রাব্য ভাষায় গালাগাল করে এবং জোর করে বের করে দেয়। পরে প্রশাসনিক ভবনে ব্যাপক ভাংচুর করে।

ভাঙচুর শেষে ব্যাপক বোমাবাজি করে ছাত্র কমনরুমে চড়াও হয় বলে ছাত্রদলের প্রেস বিজ্ঞপ্তিতে দাবি করা হয়েছে। এদিকে ঘটনার প্রতিবাদে বিকেলে ছাত্রলীগ (ম-ই) ছাত্রমৈত্রী ও ছাত্রদলসহ বিভিন্ন সংগঠন কলেজ ক্যাম্পাসে পৃথক পৃথক মিছিল ও সমাবেশ করে শিবির সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি করে।